

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৮৬

পর্ব - ১ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭. কাযায়ে হাযাত বা প্রকৃতির ডাকে সাড়া দেয়ার (পায়খানা প্রস্রাবের) বর্ণনা - যে বস্তুতে আল্লাহর নাম রয়েছে তা নিয়ে পায়খানাতে প্রবেশ করা মাকরূহ

আরবী

عَنْ أَنسِ بْنِ مَالِكِ _ رضي الله عنه _ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ إِذَا دَخَلَ الْخَلَاء وَضَعَ خَاتَمَهُ. أَخْرَجَهُ الْأَرْبَعَةُ, وَهُوَ مَعْلُولٌ

منكر. رواه أبو داود (19)، والترمذي (1746)، والنسائي (1/ 178)، وابن ماجه (303)

বাংলা

৮৬। আনাস বিন মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, 'আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন প্রকৃতির ডাকে সাড়া দিতে (পায়খানায়) যেতেন (আল্লাহর নাম খোদিত) আংটি খুলে রাখতেন'। -৪ জনে (আবূ দাউদ, নাসায়ী, তিরমিযী, ইবনু মাজাহ)। সানাদটি মা'লুল (ক্রিটিযুক্ত)।[1]

English

Narrated Anas bin Malik (rad):

Allah's Messenger (ﷺ) used to remove his ring when entering the lavatory. [Reported by Al-Arba'a and it is defective].

ফুটনোট

[1] মুনকার। আবু দাউদ (১৯); তিরমিয়ী (১৭৪৬); নাসায়ী (১/১৭৮); ইবনু মাজাহ (৩০৩), ইমাম সনআনী তাঁর সুবুলুস সালাম (১/১১৩) গ্রন্থে বলেন, এ হাদীসের বর্ণনাকারীগণ বিশ্বস্ত কিন্তু ইবনু জুরাইজ যুহরী থেকে শুনেননি।



বরং তিনি যিয়াদ বিন সা'দ থেকে, আর তিনি যুহরী থেকে শুনেছেন। কিন্তু সেটি অন্য শব্দে। এখানে হুমামের ব্যাপারে সন্দেহ সৃষ্টি হয়েছে, কিন্তু তিনি বিশ্বস্ত। ইবনু উসাইমীন তাঁর আশ শারহুল মুমতি' (৬/১১২) গ্রন্থে হাদীসটিকে ক্রটিপূর্ণ বলেছেন। ইবনুল কাইয়্যিম তাঁর তাহয়ীবুস সুনান (১/৩৫) গ্রন্থে বলেন, এর সনদ সহীহ হলেও ক্রটিপূর্ণ। শাইখ আলবানী যঈফ আবু দাউদ (১৯) গ্রন্থে একে মুনকার বলেছেন। আর যঈফ তিরমিয়ী (১৭৪৬) ও যঈফ নাসায়ী (৫২২৮) গ্রন্থে একে দুর্বল বলেছেন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন